ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩২৪৮</u>

আগরতলা,১৫ অক্টোবর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘এক্সরে মেশিনের অভাবে খোয়াই জেলা হাসপাতালে চিকিৎসা পরিষেবা ব্যাহত,’’ এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ১২ অক্টোবর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে, খোয়াই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, খোয়াই জেলা হাসপাতালে ম্যানুয়াল এক্স-রে মেশিনের মাধ্যমে জেলা হাসপাতালের এক্স-রে পরিষেবা প্রদান করা হচ্ছে। ডিজিটাল এক্স-রে মেশিনটি বর্তমানে অকার্যকর অবস্থায় রয়েছে। খোয়াই জেলা হাসপাতালের ডিজিটাল এক্স-রে পরিষেবা স্বাভাবিকভাবে পুনরায় চালু রাখার জন্য জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ত্রিপুরা সরকারের জাতীয় স্বাস্থ্য মিশন এর মিশন অধিকর্তাকে একটি নতুন ডিজিটাল এক্স-রে মেশিন ব্যবস্থা করার জন্য অনুরোধ জানিয়েছেন। সেই পরিপ্রেক্ষিতে, ১৬ সেপ্টেম্বর ২০২৫ ত্রিপুরা সরকারের জাতীয় স্বাস্থ্য মিশন কর্তৃক অর্থ বরাদ্দ সংক্রান্ত অনুমোদন পত্র জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিককে প্রদান করা হয়েছে। বর্তমানে খোয়াই জেলা হাসপাতালে গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেস এর মাধ্যমে খোয়াই জেলা হাসপাতালের জন্য একটি ডিজিটাল এক্স-রে মেশিন ক্রয় করার প্রক্রিয়া চলছে।

*****